সমকাল

তারিখ: 08 JAN 2018
পৃষ্ঠা: ২ কলাম: ২

জাতীয়করণের দাবি

# স্বতন্ত্র ইবতেদায়ি শিক্ষকদের অবস্থান ধর্মঘট চলছে

■ সমকাল প্রতিবেদক

মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক রেজিস্ট্রেশনপ্রাপ্ত সব স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবিতে গতকাল রোববার সপ্তম দিনের মতো অবস্থান কর্মসূচি পালিত হয়েছে। গত ১ জানুয়ারি থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে এ কর্মসূচি পালিত হচ্ছে। সারাদেশ থেকে কয়েকশ' শিক্ষক রাতদিন ফুটপাতে অবস্থান করে দাবি পূরণের অপেক্ষায় আছেন।

সংগঠনের সভাপতি কাজী রুহুল আমিন চৌধুরী বলেন, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা মাসে ২২ থেকে ৩০ হাজার টাকা বেতন পান। অথচ তারা তেমন কোনো বেতন-ভাতা পান না, তবুও প্রাথমিকের শিক্ষকদের মতো শিক্ষকতা চালিয়ে যাচ্ছেন। তিনি জানান, এক হাজার ৫১৯টি ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা সর্বসাকল্যে প্রধান শিক্ষক ২৫০০ টাকা, সহকারী শিক্ষক ২৩০০ টাকা ভাতা পান। এ ছাড়া বাকি শিক্ষকরা ২৯ বছর ধরে বেতন-ভাতা থেকে বঞ্চিত, যা তাদের অবমাননা ছাড়া আর কিছুই নয়।

শিক্ষক নেতারা জানান, দাবি পূরণে তারা গতকাল শিক্ষামন্ত্রী ও অর্থমন্ত্রী বরাবর স্মারকলিপি দিয়েছেন। প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী জাতীয়করণের ঘোষণা না দেওয়া পর্যন্ত তাদের অবস্থান কর্মসূচি চলবে। সামনে আরও কঠোর কর্মসূচি আসতে পারে।




রোববার জাতীয় প্রেস ক্লাবের সামনে স্বতন্ত্র ইবতেদায়ি শিক্ষকদের অবস্থান ধর্মঘট ■ সমকাল

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগত্যার্থে

স্বাক্ষর